গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২৫৬ তারিখঃ ০৫/০৪/২০২২ খ্রিঃ

## অফিস আদেশ

বিষয়ঃ "পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটি" পুনর্গঠন এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (ToR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দলিল Review কমিটি পূনঃগঠন প্রসঙ্গে।

### ১। পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটিঃ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কার্য সম-আচরণ, অবাধ প্রতিযোগিতা ও স্বচ্ছতা আনয়নসহ সকল ক্ষেত্রে পণ্য ও গুণগতমান নিশ্চিতকল্পে সর্বত্র পণ্যের একইরূপ বিনির্দেশ বজায় রাখার স্বার্থে পণ্য, ইত্যাদির কারিগরী বিনির্দেশসহ দরপত্র দলিল Reviewএর জন্য ইতোপূর্বে জারীকৃত আদেশ বাতিলক্রমে অত্র অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে কমিটি পুনর্গঠন করা হলো।

| দাপ্তরিক পর্যায় | কারিগরী বিনির্দেশ যাচাই ও পরীক্ষা কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (চেয়ারপারসন)।<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ব্রীজ ডিজাইন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। প্রকল্প পরিচালক (জনাব মোঃ আবদুর রহিম), জিকেআরআইডিপি, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৪। জনাব মোহাম্মদ নাজমুল হাসান চৌধুরী, নির্বাহী প্রকৌশলী , জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৫। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) জনাব মোঃ মোকসেদ হাসান (নির্মাণ ও ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/নির্বাহী প্রকৌশলী, আইসিটি (আইটি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৬। সিনিয়র সহকারী প্রকৌশলী যান্ত্রিক (জনাব মোঃ মিজানুর রহমান), (নির্মাণ ও ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ সিনিয়র সহকারী প্রকৌশলী (জনাব রকিব হাসান), আইসিটি ইউনিট (আইটি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৭। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট। (সদস্য সচিব)। | ১০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব মূল্যমানের প্রাক্কলনের প্রতিটি ক্রয়ের ক্ষেত্রে |
| | কমিটির কার্যপরিধিঃ<br>১। ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত পণ্য, ইত্যাদির কারিগরি বিনির্দেশ উক্ত কমিটি পরীক্ষা, যাচাই, পুনরীক্ষন ও অনুমোদনের জন্য সুপারিশ প্রণয়ন করবেন।<br>২। উক্ত কমিটি খসড়া দরপত্র দলিল (জাতীয় ও আন্তর্জাতিক) পরীক্ষা পূর্বক অনুমোদনের জন্য সুপারিশ করবেন।<br>৩। কমিটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-২৯ অনুসরণে প্রস্তুতকৃত বিনির্দেশ পরীক্ষা ও যাচাই করবেন এবং গোপনীয়তা রক্ষা করবেন। | |

২। **বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (ToR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দলিল Review কমিটিঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার গুনগতমান নিশ্চিতকল্পে সম-আচরণ, অবাধ প্রতিযোগিতা ও স্বচ্ছতা আনয়নসহ সকলক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা এবং কার্য ও ভৌত সেবার গুনগতমান নিশ্চিতকল্পে সর্বত্র একইরূপ মান বজায় রাখার স্বার্থে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (ToR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দলিল Review/পরীক্ষার জন্য ইতেপূর্বে জারীকৃত আদেশ বাতিলক্রমে অত্র অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনঃগঠন করা হলোঃ

| দাপ্তরিক পর্যায় | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (ToR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটিঃ | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পরিকল্পনা ও ডিজাইন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (চেয়ারপারসন)।<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি (সদস্য)।<br>৩। জনাব মোঃ জসীম উদ্দীন, প্রকল্প পরিচালক, বাংলাদেশ কৃষি অবকাঠামো উন্নয়ন কর্মসূচী, এলজিইডি (সদস্য)।<br>৪। জনাব মোঃ আবদুস সাত্তার, নির্বাহী প্রকৌশলী(প্রকিউরমেন্ট), এলজিইডি (সদস্য)।<br>৫। জনাব গোলাম ইয়াজদানী, নির্বাহী প্রকৌশলী, প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি (সদস্য)।<br>৬। জনাবা সোনিয়া নওরিন, নির্বাহী প্রকৌশলী, প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি (সদস্য)।<br>৭। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট, এলজিইডি (সদস্য-সচিব)। | (১) ১.০০ কোটি টাকার উর্ধ্বের মূল্যমানের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় এবং<br>(২) ১০.০০ কোটি টাকা উর্ধ্বের মূল্যমানের কার্য ও ভৌত সেবা ক্রয় |
| | কমিটির কার্যপরিধিঃ<br>১। কমিটি ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত ToR সমেত RFP পর্যালোচনা করবেন;<br>২। কমিটি কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল পর্যালোচনা করবেন;<br>৩। উভয় ক্ষেত্রেই কমিটি নিম্নস্বাক্ষরকারীর বরাবর সুপারিশ প্রদান করবেন; | |

এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

৮/০৪/২০২২

(সেখ মোহাম্মদ মহসিন)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২১.০৬.০০২(প্রকৃশ-১).০৮-২৫৮/১(১৮৫) তারিখঃ ০৮/০৪/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। [তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)-কে অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।]

৩। প্রকল্প পরিচালক (সকল)........................................................ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

০৮.০৪.২০২২

(মোঃ আবদুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
মোবাইলঃ ০১৭০৮-১২৩১৩২
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd